

## জাত পরিচিতি

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট উদ্ভাবিত ধান বিআর১৪ বোরো এবং আউশ মৌসুমে চাষাবাদের জন্য ১৯৮৩ সালে জাতীয় বীজ বোর্ডের অনুমোদন লাভ করে। এ ধানের জনপ্রিয় নাম গাজী।

## জাতের বৈশিষ্ট্য

- ▶ গাছের উচ্চতা ১১৫-১২০ সেন্টিমিটার।
- ▶ কাণ্ড খুব মজবুত এবং পাতা খাড়া।
- ▶ কুশি গজানোর ক্ষমতা মাঝারি।
- ▶ ডিগপাতা কিছুটা হেলে যায়, ফলে শিষ উপরে দেখা যায় এবং দৃষ্টি আকর্ষণ করে।
- ▶ ছড়ার উপরিভাগের ধানে শুঙ আছে।
- ▶ চাল মাঝারি মোটা, সাদা এবং ভাত ঝরঝরে।
- ▶ এ জাতে প্রোটিনের পরিমাণ ৮.১%।



বিআর১৪

## জীবনকাল

এ জাতের জীবনকাল বোরো মৌসুমে ১৫৫-১৬০ দিন।

## ফলন

বোরো মৌসুমে ফলন হেক্টর প্রতি ৬.০-৬.৫ টন।

## চাষাবাদ পদ্ধতি

১. বীজ তলায় বীজ বপন : ২০ কার্তিক - ৫ অগ্রহায়ণ (৪-১৯ নভেম্বর)।
২. রোপণের সময় : ২০ পৌষ - ২০ মাঘ (জানুয়ারি)।

## ৩. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা):

ইউরিয়া টিএসপি এমপি জিপসাম দস্তা  
৩০-৪০ ৭-১৪ ৮-১৬ ৪-১১ ০.৭-১.০

- ৩.১ ইউরিয়া সার তিন কিস্তিতে প্রয়োগ করতে হবে।

প্রথম উপরি প্রয়োগ : রোপণের ১৫-২০ দিন পর

দ্বিতীয় উপরি প্রয়োগ : রোপণের ৩০-৩৫ দিন পর।

ইউরিয়া প্রয়োগের পর সার মাটির সাথে মিশিয়ে দিতে হবে।

তৃতীয় উপরি প্রয়োগ : রোপণের ৪৫-৫০ দিন পর।

- ৩.২ ইউরিয়া প্রয়োগের সঠিক সময় নির্ণয়ের জন্য লিফ কালার চার্ট ব্যবহার করতে হবে।

এলসিসির মাধ্যমে ইউরিয়ার  
চাহিদা নির্ধারণ

৪. আগাছা দমন : রোপণের ৪৫ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।
৫. সেচ ব্যবস্থাপনা : ধানের খোর অবস্থা থেকে দানা দুধ অবস্থায় জমিতে পর্যাপ্ত পানির ব্যবস্থা রাখতে হবে।
৬. ফসল কাটা : ১-১৫ বৈশাখ (১৪-২৮ এপ্রিল)।

## মন্তব্য :

১. উর্বর জমিতে আবাদ করলে অধিক ফলন নিশ্চিত হবে।
২. কাণ্ড লম্বা, মজবুত তাই নিচু জমিতে চাষ উপযোগী।

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@bri.gov.bd

অধিবেশন ২: মডিউল ২

ফ্যান্ট শীট ৩